

উপজেলা পরিক্রমা

গৌরীপুর

গৌরীপুর (ময়মনসিংহ), ২৮ এপ্রিল (সংবাদদাতা)।— ময়মনসিংহ জেলার অন্যতম উপজেলা গৌরীপুরের আয়তন ৯৬ বর্গমাইল। লোকসংখ্যা ১ লাখ ৯৬ হাজার ৭শ' ৭০ জন। তারমধ্যে ১ লাখ ৩শ' ৬৬ জন পুরুষ ও ৯৬ হাজার ৪শ' ৪ জন মহিলা। গৌরীপুর পৌরসভাসহ ১০টি ইউনিয়ন নিয়ে এ উপজেলা গঠিত। গৌরীপুর ময়মনসিংহ উত্তর জেলার কেন্দ্রবিন্দুতে অবস্থিত। উত্তরে ফুলপুর, পূর্বে দক্ষিণে ঈশ্বরগঞ্জ, পূর্বে কেন্দুয়া, পশ্চিমে ময়মনসিংহ সদর উপজেলা।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা
গৌরীপুর উপজেলায় ১টি স্বাস্থ্য কেন্দ্র, পল্লী স্বাস্থ্য কেন্দ্র ৪টি, ডাক্তার এমবিবিএস ৮ জন, এলএমএফ ১ জন, গ্রাম ডাক্তার ১শ' ৭ জন, হোমিও ৭৫ জন ও মোট ফার্মেসী ৫৭টি।

কৃষি ব্যবস্থা
এ উপজেলায় ৬১ হাজার ৮শ' একর আবাদী জমি, ৪৮ হাজার ৪শ' ২১ একরের মধ্যে একফসলী জমি ৭ হাজার ৬শ' ৮১ একর, দু'ফসলী জমির পরিমাণ ৩৪ হাজার ৫শ' ৫৪ একর ও তিনফসলী ৯৫ হাজার ৩শ' ৪৭ একর।

শিক্ষা ব্যবস্থা
গৌরীপুর উপজেলায় একটি পূর্ণঙ্গ ডিগ্রী কলেজ, ২টি মহিলা কলেজ, ১টি কারিগরি বিদ্যালয়, ১৬টি উচ্চ বিদ্যালয়, ২টি বালিকা বিদ্যালয়, ১৭টি প্রাথমিক বিদ্যালয়, ১টি কেজি স্কুল ও ১৮টি মাদ্রাসা রয়েছে। এছাড়াও বৃত্তিমূলক প্রশিক্ষণ শিক্ষায়তন ১টি, বয়ন বিদ্যালয় ১টি, কুটির শিল্প ১টি, টাইপ শিক্ষা স্কুল ১টি।

যাতায়াত ব্যবস্থা
এ উপজেলায় ২৪ মাইল পাকা, ৩শ' ৬০ মাইল কাঁচা, ২৫ মাইল জেলা বোর্ডের ১৩ মাইল রেলপথসহ মোট ৩শ' ৯২ মাইল রাস্তা রয়েছে। এছাড়া ৩টি রেল স্টেশন ও রেলওয়ে জংশন ২টি, বাস স্টেশন ৪টি, পাকা ব্রীজ ৪১টি, কাঁচের ব্রীজ ২১টি ও ১শ' ৫৭টি বন্যানিয়ন্ত্রণ বাঁধ রয়েছে।